



OFFICE OF ADMINISTRATIVE TRIALS AND HEARINGS

Help Center

হেয়ারকাটার, হেয়ার সেলুন, এবং বারবার শপের জন্য সহায়ক তথ্য

যে সাধারণ লঙ্ঘনসমূহ সম্পর্কে সচেতন থাকা প্রয়োজন:

- **রিফান্ড নীতি পোস্টে ব্যর্থতা** - ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে প্রতিটি রেজিস্টার, বিক্রয় কেন্দ্র অথবা প্রতিটি প্রবেশপথে তাদের রিফান্ড নীতি পোস্ট করতে হবে। এমনকি রিফান্ডের কোনো নীতি না থাকলে “নো রিফান্ড” লেখা সাইনবোর্ড রাখতে হবে। এই আইন অমান্য করার সম্ভাব্য জরিমানা হল \$50-500। আইন: [রুলস অব দি সিটি অব নিউ ইয়র্ক \(নিউ ইয়র্ক সিটির বিধি\): Title 6 §5- 37.](#)
- **স্পষ্টভাবে পণ্যের মূল্য প্রদর্শনে ব্যর্থতা** - বিক্রয়ের উদ্দেশ্যে রাখা পণ্যের গায়ে অবশ্যই স্পষ্ট করে মূল্য উল্লেখ করা থাকতে হবে। বেশিরভাগ পণ্যের জন্য, মূল্যটি পণ্যের গায়ে অথবা পণ্য প্রদর্শনীর স্থানে একটি সাইনে সংযুক্ত থাকতে হবে। এই আইন অমান্য করার সম্ভাব্য জরিমানা হল \$25-250। আইন: [NYC অ্যাডমিনিস্ট্র্যাটিভ কোড §20-708।](#)
- **রসিদ প্রদানে ব্যর্থতা** - ক্রেতাকে \$20 এর উপরে ক্রয়ের জন্য এবং \$5 থেকে \$20 এর মধ্যে ক্রয়ের জন্য অনুরোধ করা হলে অবশ্যই রসিদ প্রদান করতে হবে। এই আইন অমান্য করার সম্ভাব্য জরিমানা হল \$50-500। আইন: [রুলস অব দি সিটি অব নিউ ইয়র্ক: Title 6 §5-32\(c\).](#)
- **সেবার ধরন ও মূল্য উল্লেখপূর্বক মূল্য তালিকা পোস্ট করতে ব্যর্থতা** - সেবাসমূহের ধরন ও মূল্য উল্লেখ করে অবশ্যই একটি মূল্য তালিকা প্রদর্শন করতে হবে। মূল্য তালিকাটি অবশ্যই ক্যাশ রেজিস্টারের কাছে এবং/বা অর্ডার গ্রহণের জায়গায় স্পষ্টভাবে পোস্ট বা প্রদর্শন করতে হবে। যদি মূল্য তালিকায় কোনো ন্যূনতম মূল্য (যেমন, “\$... হতে”) বা “এবং ... পর্যন্ত” মূল্য উল্লেখ করা থাকে, তাহলে মূল্যের ভিন্নতার ব্যাখ্যা ও মূল্য সীমা অন্তর্ভুক্ত করতে হবে। এই আইন অমান্য করার সম্ভাব্য জরিমানা হল \$50-500। আইন: [রুলস অব দি সিটি অব নিউ ইয়র্ক \(নিউ ইয়র্ক সিটির বিধি\): Title 6 §5-70\(a\).](#)
- **নিউ ইয়র্ক সিটি ও নিউ ইয়র্ক স্টেট আইনের অধীনে বারবার শপ পরিচালনার বৈধ অনুমতি না থাকা** – নিউ ইয়র্ক সিটি ও নিউ ইয়র্ক স্টেট উভয় আইনেই নিউ ইয়র্ক সিটিতে বারবার শপ পরিচালনার জন্য আপনার একটি বৈধ অনুমতি থাকতে হবে। এই আইন অমান্য করার সম্ভাব্য জরিমানা হল: \$200-2000। আইন: [NYC অ্যাডমিন কোড 163.03](#), [NYCHC §5.04\(a\)](#), [NYCHC §3.11\(b\)](#), [NYS GBL, অধ্যায় 28 §432.](#)
 - NYC অনুমতির আবেদনপত্র এই ওয়েবসাইটে পাওয়া যাবে: <https://www1.nyc.gov/assets/doh/downloads/pdf/sbs/314c-standard-form.pdf>
 - NYC অনুমতিপত্র নবায়নের প্রয়োজন হলে, জরিমানা প্রদান বাকি থাকলে আপনি সেটি করতে পারবেন না। অনলাইনে আপনার জরিমানা আদায়ের জন্য অনুগ্রহ করে দেখুন: <https://www1.nyc.gov/site/finance/pay-now/pay.page>

OATH শুনানিতে আপনার পূর্ণ অংশগ্রহণ:

- **ইংরেজি আমার মাতৃভাষা নয়। আমি কি শুনানির সময় একজন দোভাষীকে পেতে পারি?** সকল OATH শুনানিতে বিনামূল্যে অনুবাদ সেবা পাওয়া যায়।
- **আমি কি আমার শুনানিতে একজন সাক্ষীকে আনতে পারি?** হ্যাঁ, যতক্ষণ পর্যন্ত শুনানি কর্মকর্তা সেটি অনুমোদন করেন। কিছু শুনানি কর্মকর্তা সাক্ষীদেরকে ফোনেও সাক্ষ্য দেওয়ার অনুমতি দিতে পারেন।
- **আমি কী প্রমাণ আনতে পারি?** আপনার ও আপনার মামলার ক্ষেত্রে সহায়ক হতে পারে বলে মনে করেন এমন যেকোনো প্রমাণ আপনি উপস্থাপন করতে পারেন। এর মধ্যে থাকতে পারে ছবি, শুনানিতে অনুপস্থিত ব্যক্তির স্বাক্ষরিত বিবৃতি এবং ভিডিও। শুনানি কর্মকর্তা অভিযোগের সাথে উপস্থাপিত প্রমাণের সংশ্লিষ্টতার ব্যাপারে সিদ্ধান্ত নেবেন।
- **আমি যে সমন(গুলো) পেয়েছি সেগুলো বুঝতে কি কেউ আমাকে সহযোগিতা করতে পারে?** হ্যাঁ, OATH হেল্প সেন্টারে প্রসিডিউরাল জাস্টিস কোঅর্ডিনেটররা কর্মরত রয়েছেন যারা আপনার সাথে সাক্ষাৎ করে অভিযোগসমূহ, শুনানি প্রক্রিয়া, সম্ভাব্য জরিমানা, লঙ্ঘন সংশোধনের উপায় ও আরো অনেক কিছু সম্পর্কে ব্যাখ্যা করতে পারেন!
- **শুনানি কর্মকর্তার সিদ্ধান্তের সাথে একমত হতে না পারলে আমি কী করব?** যখন যেকোনো এক পক্ষ/পাশ OATH শুনানিতে অংশগ্রহণ করে এবং শুনানি কর্মকর্তার সিদ্ধান্তের সাথে দ্বিমত হয়, তখন অসন্তুষ্ট পক্ষের OATH-এর আপীল ইউনিটে আপীল দায়ের করার অধিকার আছে। OATH-এর আপীল ইউনিট নির্ধারণ করবে শুনানি কর্মকর্তার সিদ্ধান্তে কোনো আইনি বা তথ্যগত ভুল ছিল কি না, সিদ্ধান্তটি রেকর্ড ভিত্তিক ছিল কি না, এবং আরোপিত জরিমানাগুলো আইন সমর্থন করে কি না।

অতিরিক্ত সহায়তার জন্য অনুগ্রহ করে যেকোনো OATH অবস্থানে সোমবার থেকে শুক্রবার, সকাল 8 টা থেকে বিকেল 5 টা সরাসরি OATH হেল্প সেন্টারে, টেলিফোনে (212) 436-0845 নম্বরে, অথবা ইমেইলে Manhelpcenter@oath.nyc.gov-তে যোগাযোগ করুন।